



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
সরকারি কলেজ শাখা-২
www.dshe.gov.bd



ঢাকা

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৬৫৬

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৮

২৮ সেপ্টেম্বর ২০২১

অফিস আদেশ

জাহাঙ্গীরপুর সরকারি কলেজ, মহাদেবপুর, নওগাঁ-এর অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) অর্থনীতি বিষয়ের সহকারী অধ্যাপক জনাব মোঃ সাইফুর রহমান চৌধুরী (আইডি নং-১৪১৫৩) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ২৯/০৬/২০২১ তারিখের ৩৭.০০.০০০০.০৬৭.০৬.০০১.২০২০-১৫৯ নং প্রজ্ঞাপন মোতাবেক (সহযোগী অধ্যাপক পদে) পদোন্নতিজনিত কারণে ৩০-০৬-২০২১ তারিখে কলেজের দায়িত্বভার হস্তান্তর করেন। পদোন্নতির প্রজ্ঞাপনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে যোগদানপূর্বক পূর্ববর্তী পদের দায়িত্ব পালনের নির্দেশনা থাকায় উক্ত কর্মকর্তা ৩০/০৬/২০২১ তারিখে পুনরায় কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। সে মোতাবেক তিনি আর্থিক ক্ষমতা প্রদানের জন্য আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে কলেজের জরুরী কার্যাদি সম্পন্ন করার লক্ষ্যে জনাব মোঃ সাইফুর রহমান চৌধুরী (আইডি নং-১৪১৫৩) নিম্নে উল্লিখিত শর্ত মোতাবেক দায়িত্বভার গ্রহণের তারিখ হতে সাময়িকভাবে আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

- ১। কলেজের কার্যাদি সম্পাদনের জন্য তাঁকে প্রতিষ্ঠানিক বেতন-ভাতা ও সম্মানীসহ আনুষঙ্গিক বিলসমূহ স্বাক্ষরদানের ক্ষমতা ট্রেজারী ও সাবসিডিয়ারী আইনের এসআরও/৯৬ ভলিয়ম-১ ধারা মোতাবেক সাময়িকভাবে প্রদান করা হলো।
- ২। উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোন প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। তাঁকে নির্দিষ্ট রেজিস্ট্রারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোন দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

২৮-৯-২০২১

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৬৫৬/১

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৮

২৮ সেপ্টেম্বর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৩) উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৪) জনাব মোঃ সাইফুর রহমান চৌধুরী (আইডি নং-১৪১৫৩), জাহাঙ্গীরপুর সরকারি কলেজ, মহাদেবপুর, নওগাঁ;

- ৫) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা;
৬) বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,;
৭) সংরক্ষণ নথি।



২৮-৯-২০২১
মোঃ তানভীর হাসান
সহকারী পরিচালক